



## বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

তারিখঃ ০৩-০১-২০২১

### ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

গত ২৯/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত সাক্ষাৎকারের ভিত্তিতে তিনটি ইউনিট (A, B, C) - এর First Selection List (ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ও অপেক্ষমান) প্রকাশিত হয়েছে। ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত (Selected) প্রার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মেলান্দহ, জামালপুর-এ ভর্তি প্রক্রিয়া সঠিকভাবে সম্পন্ন করতে হবে। নির্ধারিত আসন শূন্য থাকা সাপেক্ষে অপেক্ষমান (Waiting) প্রার্থীর তালিকা হতে মেধাক্রমের ভিত্তিতে পর্যায়ক্রমে ভর্তির জন্য নির্বাচন করা হবে।

প্রথম পর্যায়ঃ ০৯ - ১৩ জানুয়ারি, সকাল ৯:৩০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত (মেধাতালিকা হতে)

দ্বিতীয় পর্যায়ঃ ১৬ - ১৮ জানুয়ারি, সকাল ৯:৩০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত (আসন শূন্য থাকা সাপেক্ষে)

তৃতীয় পর্যায়ঃ ১৯ - ২০ জানুয়ারি, সকাল ৯:৩০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত (আসন শূন্য থাকা সাপেক্ষে)

ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত হবে।

ভর্তির স্থানঃ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মেলান্দহ, জামালপুর

বিশেষ শর্তাবলী: শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাবলীতে কোন অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি/প্রার্থীতা বাতিল করা হবে। ফলাফলে ভুলক্রটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবে।

[অনলাইনে ভর্তির নিয়মাবলী Admission Guideline - এ প্রদত্ত।](#)

রেজিস্ট্রার

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মেলান্দহ, জামালপুর।